

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা

জননিরাপত্তা বিভাগ-সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : মোস্তাফা কামাল উদ্দীন  
সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।  
তারিখ : ২৬ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ  
সময় : বেলা ১২:০০ ঘটিকা  
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত ও অভিনন্দন জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় অতিরিক্ত সচিব (উন্নয়ন), অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সহ জননিরাপত্তা বিভাগের বিভিন্ন শাখার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভার কার্যক্রম শুরু করেন।

২। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়;

(ক) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতিসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন সময়ে জননিরাপত্তা বিভাগ-সংশ্লিষ্ট মোট ১৮টি প্রতিশ্রুতি প্রদান করেন। উক্ত প্রতিশ্রুতিসমূহের মধ্যে ইতোমধ্যে ১২টি প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়েছে এবং ০৬টি প্রতিশ্রুতি বাস্তবায়নাধীন রয়েছে। বাস্তবায়নাধীন প্রতিশ্রুতিসমূহের অগ্রগতি নিম্নরূপ :

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও তা প্রদানের তারিখ	বাস্তবায়ন অগ্রগতি	গত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী
১	কর্মরত বিশেষ আনসার ও হিল আনসার সদস্যদের ব্যাটালিয়ন আনসার হিসেবে আত্মীকরণ। (১১-০২-২০১৬)	<b>আনসার ও ভিডিপি অধিদপ্তর:</b> অত্র অধিদপ্তর কর্তৃক স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.২৭.০৩৪.১০-১২৯১, তারিখঃ ০৪/১১/১৫ খ্রিঃ মূলে প্রস্তাব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং- ৪৪.০০.০০০০.০২১.০৫.০০১.২০১১-০৮ তারিখঃ ০৯/০১/২০১৭ খ্রিঃ মূলে বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি হিসেবে অন্তর্ভুক্ত হয়েছে। অত্র অধিদপ্তরের প্রস্তাবের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিশেষ আনসার ও হিল আনসারের প্রস্তাব পুনরায় প্রেরণের জন্য পত্র প্রেরণ করে। অত্র অধিদপ্তর স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.০১.০৯৮.৯০-২৩৯ তারিখঃ ০১১/০২/২০১৮ খ্রিঃ মূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করে। প্রস্তাবটি স্মারক নং- ৬০ তারিখঃ ২৫/০৩/২০১৮ খ্রিঃ মূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে এ বিষয়ে ১৬/১০/২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত এখনো পাওয়া যায়নি। পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগপূর্বক পরবর্তী কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। বাস্তবায়নে: আনসার ও ভিডিপি অধিদপ্তর/আনসার ও সীমান্ত অনুবিভাগ
২	ব্যাটালিয়ন আনসারদের স্থায়ীকরণ সময় শূন্য বছরে নিয়ে আসা হবে। (১১-০২-২০১৬)	ব্যাটালিয়ন আনসারদের চাকরি স্থায়ীকরণের সময়সীমাশূন্য বছরে নিয়ে আসার বিষয়ে ০৩/০৭/২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় জানিয়েছে যে, যেহেতু বিদ্যমান আইনটি নতুনভাবে প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে, সেহেতু একই সময়ে বিদ্যমান আইনটির একটি ধারা সংশোধনের প্রস্তাব যথার্থ নয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত ৩০/০৯/২০১৮ তারিখ আনসার ও ভিডিপি অধিদপ্তরকে জানিয়ে দেয়া হয়েছে।	জনপ্রশাসনের মতামতের প্রেক্ষিতে সিদ্ধান্তটি পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগের তালিকা থেকে বাদ দেওয়ার জন্য Rules of Business এর ১৬ (ix)(f) এর বিধানমতে মন্ত্রিসভার সিদ্ধান্ত পরিবর্তনে সার-সংক্ষেপ প্রেরণের জন্য আনসার ও সীমান্ত অনুবিভাগকে বলা হলো। বাস্তবায়নে: আনসার ও সীমান্ত অনুবিভাগ

